

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/ ১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং ১৪৪-আইন/২০২২/৯২/কাস্টমস।- Customs Act, 1969, (Act IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, উক্ত Act এর FIRST SCHEDULE এর পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত Table এর কলাম (1) এ উল্লিখিত Heading এর বিপরীতে কলাম (2) এ বর্ণিত H.S.Code এর আওতাভুক্ত কলাম (3) এ বর্ণিত চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণকে, আমদানির ক্ষেত্রে, উহাদের উপর আরোপণীয় আমদানি শুল্ক, যে পরিমাণে মূল্যভিত্তিক ১% (এক শতাংশ) এর অতিরিক্ত হয় সেই পরিমাণ, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, যদি থাকে, নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথা:-

Table

| Heading (1) | H.S. Code (2) | Description (3) |
|----------------|--------------------------|--|
| 84.14 | 8414.10.00 | Universal Suction Pumps |
| | 8414.10.00 | Vacuum pump |
| | 8414.10.00 | Vacuum System installation e.g. Vacuum pump, pipes & outlets etc |
| 84.16 | 8416.20.00 | Full automatic burnout furnace |
| | 8416.20.00 | Fully automatic porcelain furnace |
| | 8416.20.00 | Incinerator for medical wastes. |
| 84.18 | 8418.50.90 | Blood Bank Refrigerator (Fixed temp.) |
| | 8418.50.90 | Embryo Freezer |
| | 8418.50.90 | Mortuary Freeze |
| | 8418.69.99 | Ice Slush Maker |
| 84.19 | 8419.20.00 | Autoclave machine |
| | 8419.20.00 | E.O. Gas Sterilizer machine |
| | 8419.20.00 | EO Gas / Formaldehyde Indicator |
| | 8419.20.00 | Formal Dehyde Sterilizer machine |
| | 8419.20.00 | Glass bead sterilizer |
| | 8419.20.00 | Hydrogen peroxide gas sterilizer machine |
| | 8419.20.00 | Instrument Sterilization Containers |
| 8419.20.00 | Steam sterilizer machine | |

| Heading | H.S. Code | Description |
|----------------|------------------|--|
| (1) | (2) | (3) |
| | 8419.39.00 | X-ray drier machine |
| 84.21 | 8421.21.93 | Distilled Water Plant |
| | 8421.21.93 | R.O Machine |
| | 8421.39.99 | Circulating Air Bacterial Filter System |
| 84.41 | 8443.32.10 | Printer for U.S.G/Echocardiography |
| 85.28 | 8528.42.00 | Holter monitor; Portable monitor; Cardiac |
| | 8528.59.00 | screen; Slave fluoro and slave monitor; Bed side monitor; Cardiac monitor for operation theatre; Slave cardiac monitor; Cardiac monitors- Invesive/Non-invesive with modules; Central cardiac monitor system; Several types of monitors specialized for real time display and offline display; Cardiac output monitor |
| 85.37 | 8537.10.20 | Operation Theater Control Panel |
| 85.39 | 8539.22.00 | UV lamps |
| 90.02 | 9002.19.00 | 3 & 4 mirror lenses |
| | 9002.19.00 | Gonioscopy Lens |
| | 9002.19.00 | Laser lenses |
| | 9002.19.00 | VOLK lenses, and fundus fluorescien angiography (FFA) before laser treatment. |
| 90.06 | 9006.30.00 | Camera (for medical or surgical purpose) |
| | 9006.30.00 | CCD Camera for cardiac surgery |
| | 9006.30.00 | Fundus Cameras for colour fundus photography |
| 90.11 | 9011.80.00 | High resolution Operating Microscopes |
| | 9011.80.00 | Microscope |
| 90.12 | 9012.10.00 | Fluorescent Microscope |
| 90.13 | 9013.20.00 | Coherent Endolaser Machine |
| | 9013.20.00 | Laser Machines |
| | 9013.20.00 | YAG Laser System for Urological Procedures |
| 90.18 | 9018.11.00 | ECG machine |
| | 9018.12.00 | Color Doppler USG for echocardiography |
| | 9018.12.00 | Color droppler machine |
| | 9018.12.00 | Dexa scan for BMD (Bone mineral density) |
| | 9018.12.00 | Digital 4D colour Doppler ultrasonogram |
| | 9018.12.00 | Digital black and white USG – high end |
| | 9018.12.00 | USG machine |
| | 9018.13.00 | MRI – 1.5T whole body TIM (Total Imaging Matrix). |
| | 9018.19.10 | Patient monitor |
| | 9018.19.90 | Acrobat Suv Vacuum Stabilizer, X-pose & Access Devices |

| Heading | H.S. Code | Description |
|----------------|------------------|---|
| (1) | (2) | (3) |
| | 9018.19.90 | ACT machine |
| | 9018.19.90 | Adult Cystoscope Set |
| | 9018.19.90 | Anesthesia machine with Ventilator and monitor |
| | 9018.19.90 | Adult Optical Urethrotome Set |
| | 9018.19.90 | Adult Resectoscope Set |
| | 9018.19.90 | Angiography machine with DSA System |
| | 9018.19.90 | Angiojet machine |
| | 9018.19.90 | Auto Film Processor |
| | 9018.19.90 | B Scan |
| | 9018.19.90 | Block System for Electrophysiology |
| | 9018.19.90 | Blood culture machine |
| | 9018.19.90 | Bronchoscopy set |
| | 9018.19.90 | Cardiac Review Station for Angiography |
| | 9018.19.90 | Coronary flow meter (TTFM) |
| | 9018.19.90 | Coronary Sinus Pacing Systems |
| | 9018.19.90 | CTG machine |
| | 9018.19.90 | DCA |
| | 9018.19.90 | Dosimeter & Survey meter |
| | 9018.19.90 | DSA – (Digital subtraction angiography) |
| | 9018.19.90 | E.T.T. machine with or without B.P machine (Automatic) |
| | 9018.19.90 | Easylyte plus |
| | 9018.19.90 | Easylyte Plus (Na/K/C1) |
| | 9018.19.90 | ELISA Automated Microplate washer |
| | 9018.19.90 | Endoscopic equipment including laparoscope, hysteroscope and resectoscope and their accessories |
| | 9018.19.90 | Endovision UROCAM SL, color system PAL |
| | 9018.19.90 | Fetal Doppler Machine |
| | 9018.19.90 | Fetal monitor |
| | 9018.19.90 | Fiberoptic Bronchoscope Biopsy |
| | 9018.19.90 | Flexible Uretero-Fiberscope |
| | 9018.19.90 | Herpendens stadiometer |
| | 9018.19.90 | High Frequency Centrifugal Casting Machine |
| | 9018.19.90 | Humaclot |
| | 9018.19.90 | Lab ratator |
| | 9018.19.90 | Lab Rotator |
| | 9018.19.90 | Laminar flow system |
| | 9018.19.90 | LEEP excision machine for treatment of cancer |
| | 9018.19.90 | MAC Lab for Haemodynamic Study |

| Heading | H.S. Code | Description |
|----------------|------------------|---|
| (1) | (2) | (3) |
| | 9018.19.90 | Modules for Cardiac Monitors e.g. ECG, SPO2, Temp., NIBP, IBP, ETCO2, CO |
| | 9018.19.90 | Nasoendoscope and light source |
| | 9018.19.90 | Neonate Cystoscope-Urethroscope set |
| | 9018.19.90 | Patient monitoring machine and oxymeters |
| | 9018.19.90 | Pediatric Cystoscope Set |
| | 9018.19.90 | Pediatric Esophagoscope |
| | 9018.19.90 | Pediatric Optical Urethrotome Set |
| | 9018.19.90 | Pediatric Resectoscope Set |
| | 9018.19.90 | Pressure Monitoring (PM) Lines |
| | 9018.19.90 | Rotablator Machine |
| | 9018.19.90 | Scrub Station 3 Bay-OT Scrub |
| | 9018.19.90 | Transducer Set |
| | 9018.19.90 | Uretero-Renoscope |
| | 9018.19.90 | Ureteroscope |
| | 9018.19.90 | Water bath |
| | 9018.39.90 | Cannulas |
| | 9018.49.00 | Full automatic Electric Dental Unit (Chair, Doctor and assistant stool, Air turbine, Micro motor, High suction, Saliva ejector, 3-way syringe etc.) |
| | 9018.49.00 | Light cure machine |
| | 9018.49.00 | Ultrasonic diathermy |
| | 9018.49.00 | Ultrasonic Scalar |
| | 9018.50.00 | A Scan |
| | 9018.50.00 | All instruments & equipments for glaucoma surgery. |
| | 9018.50.00 | Applanation tonometers |
| | 9018.50.00 | Baby incubators |
| | 9018.50.00 | Biothesiometer |
| | 9018.50.00 | Biplane Cath-Lab |
| | 9018.50.00 | CARTO electro magnetic mapping system |
| | 9018.50.00 | Ceiling mounted Operation Microscope |
| | 9018.50.00 | Combilyzer |
| | 9018.50.00 | Cryo cautery machine |
| | 9018.50.00 | Cryo instruments for inoperable glaucoma cases. |
| | 9018.50.00 | Cryocan |
| | 9018.50.00 | Cryopreservation Unit for Homo graft |
| | 9018.50.00 | Direct Ophthalmoscopes |
| | 9018.50.00 | Indirect Ophthalmoscopes |
| | 9018.50.00 | Instruments & equipments for VR surgery. |
| | 9018.50.00 | Instruments for Enucleation and Evisceration with prosthesis. |

| Heading | H.S. Code | Description |
|----------------|------------------|---|
| (1) | (2) | (3) |
| | 9018.50.00 | Instruments of Lids surgery |
| | 9018.50.00 | Instruments of DCR operation |
| | 9018.50.00 | Instruments of squint surgery |
| | 9018.50.00 | Keratometry |
| | 9018.50.00 | Keratoplasty instruments |
| | 9018.50.00 | Lensometer |
| | 9018.50.00 | Ophthalmometer |
| | 9018.50.00 | Phaco Machine |
| | 9018.50.00 | Specular Microscope for corneal endothelial cells count, |
| | 9018.50.00 | Visual field analyzers |
| | 9018.50.00 | Vitrectomy Machine |
| | 9018.90.20 | Dialysis machine with or without Dialyzer with or without blood line |
| | 9018.90.20 | Baby warmer machine |
| | 9018.90.10 | Suction Apparatus- wall mounted/Floor mounted |
| | 9018.90.10 | Thoracic Suction Pump Low Suction unit |
| | 9018.90.90 | CABG Supplementary Set |
| | 9018.90.90 | Cardio Thoracic Lung & Rib Set |
| | 9018.90.90 | Cardio-Thoracic Cardiotomy Set |
| | 9018.90.90 | CO2 - Incubator with 121° Decontamination and 3 door. |
| | 9018.90.90 | Coronary Vacuum stabilizer |
| | 9018.90.90 | Defibrillator machine with Defibrillator patch |
| | 9018.90.90 | Defibrillator with external & Internal paddle |
| | 9018.90.90 | Defibrillator with monitor |
| | 9018.90.90 | Dietrich Coronary Artery Kit Set |
| | 9018.90.90 | ECMO machine |
| | 9018.90.90 | Endometrial thermal ablation equipment |
| | 9018.90.90 | Equipments for Central Medical Gas Pipe Line(MPL) & Vacuum system |
| | 9018.90.90 | Fibrillator machine |
| | 9018.90.90 | High speed Drill machine |
| | 9018.90.90 | Hyper / Hypothermia unit |
| | 9018.90.90 | Infusion pump |
| | 9018.90.90 | Injector |
| | 9018.90.90 | Intra aortic balloon pump (IABP) |
| | 9018.90.90 | Loupes surgical |
| | 9018.90.90 | LVAD, RVA 1D, BIVAD |
| | 9018.90.90 | Medical oxygen installation system e.g. Manifold room equipments, Copper pipes, ZSU, outlet etc |

| Heading | H.S. Code | Description |
|----------------|------------------|---|
| (1) | (2) | (3) |
| | 9018.90.90 | Medical Trunking System for ICU |
| | 9018.90.90 | Micro controller based Electro Surgical Generator for all General Surgical procedures |
| | 9018.90.90 | Model trimmer |
| | 9018.90.90 | Nitrous Oxide systems installation e.g. Manifold room equipments, Copper pipes, ZSU, outlet etc |
| | 9018.90.90 | Ovum Aspiration set with Kraft pump |
| | 9018.90.90 | PCNL set |
| | 9018.90.90 | Pressure Infusor |
| | 9018.90.90 | PSA (O2 Manufacturing Plant) |
| | 9018.90.90 | Scrub station machine |
| | 9018.90.90 | Set of metal sucker & connectors |
| | 9018.90.90 | Spirometer |
| | 9018.90.90 | Stylet |
| | 9018.90.90 | Surveyors |
| | 9018.90.90 | System for Signal averaged E.C.G |
| | 9018.90.90 | System for transtelephonic E.C.G |
| | 9018.90.90 | TMLR machine |
| | 9018.90.90 | Vacuum stabilizer for beating heart |
| | 9018.90.90 | Vascular set & clamps |
| 90.19 | 9019.10.10 | Electrophysiology measurement and tracing |
| | 9019.10.10 | Linear Accelerator for therapy |
| | 9019.10.10 | Pneumatic Lithotripsy |
| | 9019.10.10 | Programmable Stimulator |
| | 9019.20.10 | Amboobag (Adult & padiatric) with or without set |
| | 9019.20.10 | Anesthesia machine and oxygen therapy machines |
| | 9019.20.10 | Heart Lung Machine |
| | 9019.20.10 | Online oxyset meter |
| | 9019.20.10 | Oxygen delivery system |
| | 9019.20.10 | Oxymeter machine |
| | 9019.20.10 | TPM Lead. |
| | 9019.20.10 | Ventilator / Artificial respirator |
| | 9019.20.90 | ICU Ventilator |
| | 9019.20.90 | IVUS system |
| | 9019.20.90 | Vaporizer for volatile Anesthetics |
| 90.20 | 9020.00.00 | Breathing Circuits |
| 90.21 | 9021.50.00 | External Sequential Chamber Pacemaker (A-V) |

| Heading | H.S. Code | Description |
|----------------|------------------|--|
| (1) | (2) | (3) |
| | 9021.50.00 | Pacemaker and AICD Lead extraction apparatus (Byrod sheath, Metallic sheath, Long sheath, Amplatz snare) |
| 90.22 | 9022.12.00 | Spiral CT scan machine |
| | 9022.12.00 | Electron beam CT. |
| | 9022.12.00 | Mammography with stereotactic biopsy |
| | 9022.13.00 | OPG (Dental X-ray) |
| | 9022.14.00 | C-Arm machine |
| | 9022.14.00 | Digital – 1000 mA – Fluoroscopy |
| | 9022.14.00 | Digital X-ray Radiology. |
| | 9022.14.00 | Mobile X-ray machines |
| | 9022.14.00 | Orthopentomogram X-Ray machine |
| | 9022.21.00 | Gamma Camera with facilities for nuclear imaging. |
| | 9022.21.00 | SPECT / Gamma Camera |
| 90.27 | 9027.89.00 | Automatic Hematology Analyzer |
| | 9027.89.00 | Bio Impedance Body Analyzer |
| | 9027.89.00 | Biolyte 2000 (Na/K/C1) |
| | 9027.89.00 | Blood cell saver |
| | 9027.89.00 | Blood Gas analyzer & Electrolyte analyzer |
| | 9027.89.00 | Cardiac Enzyme Analyzer |
| | 9027.89.00 | Cool Tip Flow machine |
| | 9027.89.00 | ELISA reader |
| | 9027.89.00 | Haemo dialyser |
| | 9027.89.00 | Haemo filter |
| | 9027.89.00 | Humalyzer |
| | 9027.89.00 | Immuno Analyzer (Immulite) |
| | 9027.89.00 | Rib Spreader |
| 90.30 | 9030.33.00 | Capnometer wit |
| | 9030.39.00 | Capnometer wit |
| 94.02 | 9402.90.90 | Modern Operating table preferably with electronic maneuverability |
| | 9402.90.90 | Operation Table Manual/Electrical |
| 94.05 | 9405.19.00 | Spotlight (Portable) with halogen bulb |
| | 9405.49.90 | Ceiling mounted operating theater light |
| | 9405.49.90 | Emergency mobile light on stands |
| | 9405.49.90 | Operating Light |
| | 9405.49.90 | OT Light and ICCTV facility |
| | 9405.49.90 | Fiber Optic Head Light and Lamp |
| | 9405.49.90 | Halogen light source with cable |
| | 9405.49.90 | Light source and cable. |
| | 9405.49.90 | XENON/Halogen light source with cable |

শর্তাবলি

- (১) আমদানিকারক প্রতিষ্ঠানকে রেফারাল হাসপাতাল হিসাবে তালিকাভুক্ত হইতে হইবে।
- (২) শর্ত (১) এর অধীন তালিকাভুক্তির জন্য আমদানিকারক প্রতিষ্ঠানকে ‘পরিশিষ্ট-ক’ অনুযায়ী জাতীয় রাজস্ব বোর্ডে, অতঃপর বোর্ড বলিয়া উল্লিখিত, আবেদন করিতে হইবে।
- (৩) শর্ত (২) এর অধীন আবেদন পত্রের সহিত স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক ‘পরিশিষ্ট-খ’ অনুযায়ী স্বাক্ষরিত একটি প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে।
- (৪) শর্ত (২) অনুযায়ী দাখিলকৃত আবেদনপত্র এবং সংযুক্ত দলিলাদি বোর্ড যাচাই-বাছাইপূর্বক ‘পরিশিষ্ট-গ’ অনুযায়ী আবেদনকারী প্রতিষ্ঠানকে রেফারাল হাসপাতাল হিসাবে তালিকাভুক্ত করিয়া প্রত্যয়নপত্র প্রদান করিবে, অথবা তালিকাভুক্ত না করা হইলে বোর্ড উক্ত হাসপাতাল কর্তৃপক্ষকে রেফারাল হাসপাতাল হিসাবে গণ্য না করিবার কারণ লিখিতভাবে অবহিত করিবে।
- (৫) রেফারাল হাসপাতাল কর্তৃক কোন চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ রেয়াতী হারে আমদানি পরবর্তী ৩ (তিন) মাসের মধ্যে স্থাপন করিতে হইবে এবং এই সকল যন্ত্রপাতি বা উপকরণ কোনক্রমেই কোন হাসপাতাল বা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট বিক্রয় বা অন্য কোনভাবে হস্তান্তর করা যাইবে না।
- (৬) পণ্য ছাড়ের তারিখ হইতে ৬ (ছয়) মাসের মধ্যে ‘পরিশিষ্ট-ঙ’ এর অধীন গঠিত কমিটি, খালাসকৃত চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ যথাসময়ে ও যথাযথভাবে স্থাপনপূর্বক ব্যবহার হইতেছে কিনা উহা পরিদর্শনপূর্বক ‘পরিশিষ্ট-ঘ’ মোতাবেক একটি প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট শুল্ক ভবন বা স্টেশনের কমিশনার বরাবর, একটি কপি সংশ্লিষ্ট হাসপাতাল বরাবর এবং একটি কপি জাতীয় রাজস্ব বোর্ডের শুল্ক নীতি শাখায় প্রেরণ করিবে।
- (৭) শর্ত (৫) এ উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে যদি-
 - (ক) চিকিৎসা যন্ত্রপাতি স্থাপন করা না হয়, অথবা
 - (খ) আমদানিকৃত চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ অন্য কোন হাসপাতাল বা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট বিক্রয় বা হস্তান্তর করা হয়;
 তাহা হইলে রেয়াতী সুবিধাপ্রাপ্ত শুল্ক-করাদি সংশ্লিষ্ট রেফারাল হাসপাতাল কর্তৃপক্ষের নিকট হইতে আদায় করা হইবে।
- (৮) রেয়াতী সুবিধার আওতায়-

- (ক) আমদানিকৃত চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ খালাসকালে রেফারাল হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক 'পরিশিষ্ট-চ' মোতাবেক যথাযথ মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পের উপর একটি ইনডেমনিটি বন্ড সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে;
- (খ) খালাসকৃত পণ্য চালানের আমদানি দলিলাদির কপি শুল্ক ভবন বা স্টেশন কর্তৃক পণ্য খালাসের পর কমিটির আহ্বায়কের নিকট প্রেরণ করিতে হইবে;
- (গ) আমদানিকৃত চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ সঠিকভাবে সংশ্লিষ্ট হাসপাতালে স্থাপিত হইয়াছে মর্মে 'পরিশিষ্ট-ঘ' মোতাবেক এতদুদ্দেশ্যে গঠিত কমিটির প্রতিবেদনের ভিত্তিতে ইনডেমনিটি বন্ড ফেরতযোগ্য হইবে।

ব্যাখ্যা- এই প্রজ্ঞাপনের উদ্দেশ্যপূরণকল্পে “রেফারাল হাসপাতাল” অর্থ নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন mono disciplinary অথবা multi disciplinary হাসপাতাল, যথাঃ-

- (ক) Mono disciplinary hospital এর শয্যা সংখ্যা ন্যূনতম ১০০ (একশত) এবং Multi disciplinary hospital এর শয্যা সংখ্যা ন্যূনতম ১৫০ (একশত পঞ্চাশ) হইতে হইবে;
- (খ) হাসপাতালটি উহার নিজস্ব ভবনে যথাযথ আর্থিক সামর্থ অনুযায়ী পরিচালিত হইতে হইবে;
- (গ) উক্ত হাসপাতালের বিভাগসমূহ সংশ্লিষ্ট বিষয়ে (respective discipline) অনূন ২ (দুই) জন স্নাতকোত্তর ডিগ্রীধারী ও সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর প্রশিক্ষণপ্রাপ্ত চিকিৎসক দ্বারা পরিচালিত হইতে হইবে;
- (ঘ) পর্যাপ্ত ও অত্যাধুনিক চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ ব্যবহারের সুযোগ থাকিতে হইবে এবং যথাযথ ব্যবস্থা সম্পন্ন হইতে হইবে;
- (ঙ) আন্তর্জাতিক মানসম্পন্ন বিশেষায়িত এবং উন্নত চিকিৎসা সুবিধা প্রদানের যোগ্যতা সম্পন্ন হইতে হইবে ;
- (চ) গবেষণা কার্যক্রম পরিচালনা এবং গবেষণা সংক্রান্ত সুযোগ-সুবিধা সম্পন্ন হইতে হইবে; এবং
- (ছ) দেশের অন্যান্য চিকিৎসা প্রতিষ্ঠানকে পরামর্শক সেবা প্রদানে সক্ষম হইতে হইবে।

২। ১১ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ মোতাবেক ২৮ জ্যৈষ্ঠ, ১৪১৬ বঙ্গাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৩৭-আইন/২০০৯/২২৪০/শুল্ক এতদ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ৯ জুন, ২০২২ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

“পরিশিষ্ট-ক”

[শর্ত (২) দ্রষ্টব্য]

(রেফারাল হাসপাতাল হিসাবে তালিকাভুক্তি ও প্রত্যয়নপত্রের আবেদন)

বরাবর,
সদস্য (শুল্ক),
জাতীয় রাজস্ব বোর্ড,
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ রেফারাল হাসপাতাল হিসাবে তালিকাভুক্তকরণ ও প্রত্যয়নপত্র প্রাপ্তির আবেদন।

জনাব,

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৪৪-আইন/২০২২/৯২/কাস্টমস, তারিখ : ১ জুন, ২০২২ খ্রিস্টাব্দ এর আলোকে নিম্নবর্ণিত হাসপাতালটিকে রেফারাল হাসপাতাল হিসেবে তালিকাভুক্তকরণ ও প্রত্যয়নপত্র প্রাপ্তির জন্য প্রয়োজনীয় তথ্যসহ আবেদন পেশ করিলামঃ-

- ১। হাসপাতালের নাম ও ঠিকানা (টেলিফোন/ফ্যাক্স, ইমেইল, ইত্যাদি নম্বরসহ):
- ২। হাসপাতাল প্রতিষ্ঠার তারিখ:.....
- ৩। সরকারী অনুমোদন/রেজিস্ট্রেশন প্রাপ্ত হইলে উহার নম্বর ও তারিখ:
- ৪। হাসপাতালের ধরন (mono disciplinary অথবা multi disciplinary):
- ৫। হাসপাতালের মোট শয্যা সংখ্যা:
- ৬। স্নাতকোত্তর ডিগ্রিধারী চিকিৎসকের সংখ্যা:
- ৭। হাসপাতালের নিজস্ব জমি ও ভবনের বিবরণ:
 - (ক) জমির পরিমাণ:.....
 - (খ) ভবনের মেঝের আয়তন:.....
 - (গ) হাসপাতালটি নিজস্ব ভবনে স্থাপিত কিনা:
- ৮। হাসপাতালের আর্থিকভাবে স্বচ্ছলতার বিবরণ:.....
 - (ক) হাসপাতালের আয়ের উৎস:.....
 - (খ) বিগত ১(এক) বৎসরের আয়-ব্যয়ের হিসাব:.....
- ৯। হাসপাতালে ব্যবহৃত চিকিৎসা যন্ত্রপাতি বা চিকিৎসা উপকরণের তালিকা:
- ১০। হাসপাতালে বহির্বিভাগে চিকিৎসা সেবা দেয়া হয় কিনা:
- ১১। হাসপাতাল পরিচালনা কমিটি সংক্রান্ত তথ্য, সদস্যবৃন্দের নাম এবং কমিটি কখন, কিভাবে গঠিত হইয়াছে:.....

১২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র সংযুক্ত করা হইয়াছে কিনা:.....

(বিঃদ্রঃ ক্রমিক নং ৩, ৫, ৮, ৯ ও ১১ এর ক্ষেত্রে দালিলিক প্রমাণপত্র আবেদনের সহিত সংযুক্ত করিতে হইবে এবং প্রয়োজনে তথ্যের জন্য পৃথক কাগজ সংযুক্ত করা যাইবে।)

তারিখঃ

আবেদনকারীর নাম
(স্বাক্ষর ও সীল)

.....

“পরিশিষ্ট-খ”

[শর্ত (৩)দ্রষ্টব্য]

(প্রত্যয়নপত্র)

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে
(হাসপাতালের নাম ও পূর্ণ ঠিকানা), হাসপাতাল লাইসেন্স নং
তাং..... এবং মূসক নিবন্ধন নং..... তাং
স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক সংশ্লিষ্ট দলিলাদি পরীক্ষা-নিরীক্ষা এবং সরেজমিনে পরিদর্শন করা হইয়াছে। প্রতিষ্ঠানটি এস,আর,ও নং ১৪৪-আইন/২০২২/৯২/কাস্টমস, তারিখ : ১ জুন, ২০২২ খ্রিস্টাব্দ এর শর্ত (৩) এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন বিধায় প্রতিষ্ঠানটিকে রেফারাল হাসপাতাল হিসাবে তালিকাভুক্তির জন্য সুপারিশ করা হইলঃ

তারিখঃ

স্বাক্ষর

নাম-

মহাপরিচালক

স্বাস্থ্য অধিদপ্তর

টেলিফোনঃ

“পরিশিষ্ট-গ”
[শর্ত (৪) দ্রষ্টব্য]
(তালিকাভুক্তির প্রত্যয়নপত্র)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৪৪-আইন/২০২২/৯২/কাস্টমস, তারিখ : ১ জুন, ২০২২ খ্রিস্টাব্দ এর শর্ত (২) এর অধীন প্রাপ্ত আবেদন এবং মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরের সুপারিশ বিবেচনা করিয়া জাতীয় রাজস্ব বোর্ড, (হাসপাতালের নাম ও পূর্ণ ঠিকানা) কে রেফারাল হাসপাতাল হিসাবে তালিকাভুক্ত করিল।

উল্লিখিত হাসপাতালের তালিকাভুক্তি নম্বরঃ তারিখঃ

তারিখঃ

সদস্য (কাস্টমস)
জাতীয় রাজস্ব বোর্ড।

“পরিশিষ্ট-ঘ”
[শর্ত (৬) ও (৮)(গ) দ্রষ্টব্য]
(কমিটির প্রতিবেদন)

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারীগণ সরেজমিন তদন্তের ভিত্তিতে এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, আমদানিকারক মেসার্স (হাসপাতালের নাম ও পূর্ণ ঠিকানা) মূসক নিবন্ধন নং..... রেফারাল হাসপাতাল হিসেবে তালিকাভুক্তি নং তাং.....ইনভয়েস নং.....তারিখ এর মাধ্যমে আমদানিকৃত এবং শুল্ক ভবন/স্টেশন এর বিল অব এন্ট্রি নং তারিখ এর মাধ্যমে খালাসকৃত চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ..... ঠিকানায় অবস্থিত হাসপাতালে যথাযথভাবে স্থাপন করা হইয়াছে।

তারিখঃ

স্বাক্ষর
নাম-
পদবী ও দাপ্তরিক
ঠিকানা-
টেলিফোন নং-

পরিশিষ্ট-৬
[শর্ত (৬) দ্রষ্টব্য]

কমিটির গঠন

কমিটির গঠন।- কমিটি নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথাঃ-

- (ক) আবেদনকারী হাসপাতাল নিয়ন্ত্রনকারী কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের অতিরিক্ত কমিশনার অথবা যুগ্ম কমিশনার, যিনি উহার আহ্বায়কও হইবেন;
- (খ) স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক মনোনীত একজন চিকিৎসক প্রতিনিধি, যিনি উহার সদস্য হইবেন:
- তবে শর্ত থাকে যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের বাহিরে অবস্থিত রেফারেল হাসপাতালসমূহ পরিদর্শনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) কর্তৃক মনোনীত একজন চিকিৎসক প্রতিনিধি, উহার সদস্য হইবেন; এবং
- (গ) আবেদনকারী হাসপাতাল যে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগের অধিক্ষেত্রে অবস্থিত সেই বিভাগের বিভাগীয় কর্মকর্তা, যিনি উহার সদস্য সচিবও হইবেন।

“পরিশিষ্ট-৮”

[শর্ত (৮)(ক) দ্রষ্টব্য]
(ইনডেমনিটি বন্ড)

অদ্য জনাব/মেসার্স
রেজিস্টার্ড অফিস (অতঃপর আমদানিকারক বলিয়া উল্লিখিত,
যাহাতে তাহার/তাহাদের উত্তরাধিকারী, প্রশাসক, নির্বাহ এবং অধিকারপ্রাপ্ত ব্যক্তি অন্তর্ভুক্ত হইবেন) প্রথম পক্ষ এবং বাংলাদেশের রাষ্ট্রপতি, কমিশনার অব কাস্টমস এর মাধ্যমে (অতঃপর কমিশনার অব কাস্টমস বলিয়া উল্লিখিত) দ্বিতীয় পক্ষ এর মধ্যে অত্র ইনডেমনিটি বন্ড সম্পাদিত হইল:

যেহেতু অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন নং ১৪৪-আইন/২০২২/৯২/কাস্টমস,
তারিখ : ১ জুন, ২০২২ খ্রিস্টাব্দ -এ উল্লিখিত চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত শর্তাধীনে সমুদয় আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর ও সমস্পূরক শুল্ক পরিশোধ ব্যতিরেকে খালাস প্রদান করা হইবে; এবং

যেহেতু আমদানিকারক কর্তৃক ঋণ পত্র নং..... তারিখ
এর ভিত্তিতে ইনভয়েস নং..... তারিখ.....বিল অব লেডিং/ এয়ারওয়ে
বিল/ট্রাক রিসিপ্ট নং..... তারিখ..... এ উল্লিখিত বিবরণ,
পরিমাণ ও মূল্য অনুযায়ী চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ আমদানি করা হইয়াছে; এবং

যেহেতু উক্ত আমদানিকৃত চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ..... (হাসপাতালের পূর্ণ ঠিকানা) স্থাপিত হইবে এবং বর্ণিত চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণ উল্লিখিত হাসপাতালে স্থাপন করিতে ব্যর্থ হইলে রেয়াতী সুবিধাপ্রাপ্ত শুল্ক করাদি বাবদ টাকা কমিশনার অব কাস্টমস এর নিকট হইতে এতদুদ্দেশ্যে জারিকৃত দাবিনামা প্রাপ্যতার তারিখ হইতে ১৪(চৌদ্দ) দিনের মধ্যে পরিশোধ করিতে আমদানিকারক বাধ্য থাকিবে ;

সেহেতু নিম্নে উল্লিখিত সাক্ষীগণের উপস্থিতিতে আমদানিকারক, মেসার্স/জনাব এতদ্বারা প্রতিশ্রুতি প্রদান করিতেছেন যে, তিনি/তাহারা আমদানিকৃত চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণের ক্ষেত্রে রেয়াতী সুবিধাপ্রাপ্ত শুল্ক-করাদি বাবদ..... টাকা কমিশনারের দাবীক্রমে বিনা ওজর আপত্তিতে নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করিবেন এবং কমিশনারকে উক্ত শুল্ক-করাদি বাবদ রাজস্ব ক্ষতির দায়দায়িত্ব মুক্ত করিবেন; এবং উল্লিখিত পরিমান রাজস্ব আদায়ের জন্য কমিশনার কর্তৃক যে পরিমান অর্থ খরচ হইবে তাহাও আমদানিকারক পরিশোধ করিতে বাধ্য থাকিবেন।

আমদানিকারক আরও প্রতিশ্রুতি প্রদান করিতেছেন যে, তিনি/তাহারা উপরে উল্লিখিত প্রজ্ঞাপনে বর্ণিত যে কোন শর্ত পালন করিতে ব্যর্থ হইলে আমদানিকৃত চিকিৎসা যন্ত্রপাতি ও চিকিৎসা উপকরণের উপর রেয়াতী সুবিধাপ্রাপ্ত শুল্ক-করাদি বাবদ..... টাকা Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 202 এর বিধান মোতাবেক তাহার/তাহাদের নিকট হইতে আদায় করা যাইবে।

এই ইনডেমনিটি বন্ডের শর্তসমূহ পালিত হওয়ার সংগে সংগে ইহা বাতিল বলিয়া গণ্য হইবে; অন্যথায় ইহা বলবৎ থাকিবে।

১। সাক্ষী
২। সাক্ষী

তারিখঃ

জনাব/মেসার্স.....
(ঠিকানা)
(স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা
পরিচালক)
(নাম এবং স্থায়ী ঠিকানা)
..... ।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।